

## বিকেলের আলাপে ভালোবাসা

একাকী বিকেলে এক চুমুক হতে পুরো কাপ শেষে

চায়ের আমেজ মিলিয়ে যাবার আগেই

সে সামনে এসে দাড়ায় ।

আমি তাকাই

চায়ের কাপে শেষ চুমুক শেষে

তাকাই ও'র দিকে ,

হঠাৎ প্রশ্ন করে সে :

”তুমি কি আমাকে ভালোবাসো ? ”

আমি বলি:

” হয়তঃ কিংবা হয়তঃ বা না ”

সে বলে :

” কেন ? ,

কেন তুমি এতদিন বলতে পারো না

আমায় ভালোবাসো কি না ।”

আমি বলি:

” তোমাকে ভালোবাসার কিংবা না ভালোবাসার

কোনো কারণ যে আজ অবধি পাই নি খুঁজে ।

তাই ভাবি নি কখন ও

ভালোবাসি কি না আজো ।

যতটা কারণ খুঁজে পেয়েছি

অপার ভালোবাসা এই বিকেলে

তোমার হাতে বানানো

ধুমায়িত চায়ের মাঝে

হৃদয় জুড়ানো অনুভূতি।”

জাভেদ আকতার

প্রথমকবিতা@জিমেইল.কম